



দরিদ্র মহিলাদের জন্য সমন্বিত পল্লী কর্মসংস্থান সহায়তা(২য় সংশোধিত) প্রকল্প
বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ড (বিআরডিবি)
স্থানীয় সরকার পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়
পল্লী ভবন(৬ষ্ঠ তলা) ৫ কাওরান বাজার, ঢাকা-১২১৫।
www.iresppw-brdb.gov.bd/Fax- 8189029

স্মারক নং-৪৭.৬২.০০.০০.৯৬৬.০০.৭৭০.১৪-

তারিখঃ ২৪/০১/২০১৮ খ্রিঃ।

বিষয়ঃ সেলাই ও এমব্রয়ডারী ট্রেডে ০১(এক) টি ব্যাচে প্রশিক্ষণে অংশগ্রহণের নিমিত্ত উপকারভোগী প্রশিক্ষণার্থী মনোনয়নপূর্বক প্রশিক্ষণে প্রেরণ।

উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ড কর্তৃক বাস্তবায়নধীন “দরিদ্র মহিলাদের জন্য সমন্বিত পল্লী কর্মসংস্থান সহায়তা (২য় সংশোধিত) প্রকল্পভুক্ত উপজেলাসমূহের সুফলভোগীদের আত্মকর্মসংস্থানের সুযোগ সৃষ্টির লক্ষ্যে গোপালগঞ্জ জেলার কোটালীপাড়াছ “বঙ্গবন্ধু দারিদ্র্য বিমোচন ও পল্লী উন্নয়ন একাডেমি (বাপার্ড)” এ আগামী ৩১/০১/২০১৮ খ্রিঃ হতে ৩০ দিন ব্যাপী সেলাই ও এমব্রয়ডারী ট্রেডে ৪০ (চল্লিশ) জনের একটি ব্যাচে প্রশিক্ষণ অনুষ্ঠিত হবে। উক্ত প্রশিক্ষণে অংশগ্রহণের জন্য সংযুক্ত তালিকা মোতাবেক নির্দিষ্ট সংখ্যক সুফলভোগীদের প্রকল্পের স্মারক নং ৪৭.৬২.০০০০.৯৬৬.০০.২৪.১২.৯৮১, তারিখঃ ১৭/০৭/২০১৩ খ্রিঃ মূলে জারীকৃত পরিপত্রের নির্দেশনা মোতাবেক নির্বাচিত করতে হবে। প্রশিক্ষণে অংশগ্রহণকারীদের বয়স ২০-৩৫ বছরের মধ্যে হতে হবে। নির্বাচিত উপজেলাসমূহ হতে মনোনীত প্রশিক্ষণার্থীদের প্রশিক্ষণে অংশগ্রহণের ছাড়পত্রের অনুলিপি প্রশিক্ষণ শুরুর ০২ দিন পূর্বে প্রকল্প সদর দপ্তরে প্রেরণ নিশ্চিত করতে হবে। উল্লেখ্য একজন সুফলভোগী একের অধিক আইজিএ প্রশিক্ষণ এবং কোন সমিতির ০২ (দুই) এর অধিক সদস্য যেন সেলাই ও এমব্রয়ডারী প্রশিক্ষণের সুযোগ না পায় এবং বিধবা, স্বামী পরিত্যক্তা ও গরিব সদস্যদের প্রশিক্ষণে অগ্রাধিকার দেয়ার বিষয়টি নিশ্চিত করতে হবে।

০২। নির্বাচিত সুফলভোগী সদস্যদের আগামী ৩০/০১/২০১৮ খ্রিঃ রোজ মঙ্গলবার বিকাল ৫.০০ ঘটিকার মধ্যে গোপালগঞ্জের কোটালীপাড়াছ বাপার্ডে উপস্থিতি নিশ্চিত করতে অনুরোধ করা হলো।

০৩। প্রশিক্ষণার্থীদের সম্মানী ও যাতায়াত ভাতা প্রকল্প হতে নির্বাহ করা হবে; যা বাপার্ড কর্তৃপক্ষের মাধ্যমে প্রশিক্ষণার্থীদের প্রদান করা হবে।

সংযুক্তঃ উপজেলা ভিত্তিক সুফলভোগীদের তালিকা।

প্রকৌশলী মোহাম্মদ রাশেদুল আলম
প্রকল্প পরিচালক (ইরেসপো)
বিআরডিবি, ঢাকা।
ফোন নংঃ ০২-৮১৮০১৪৪

উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা
বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ড

.....উপজেলা,
.....জেলা।

স্মারক নং-৪৭.৬২.০০.০০.৯৬৬.০০.৭৭০.১৪- ৫২

তারিখঃ ২৪/০১/২০১৮ খ্রিঃ।

অনুলিপিঃ সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়):

- ১। উপপরিচালক, বিআরডিবি,.....জেলা।
- ২। উপজেলা নির্বাহী অফিসার,.....উপজেলা,.....জেলা।
- ৩। প্রোগ্রামার, ইরেসপো, ঢাকা (প্রকল্পের ওয়েবসাইটে প্রকাশের অনুরোধ করা হলো)।
- ৪। মহাপরিচালক মহোদয়ের একান্ত সচিব, বিআরডিবি, ঢাকা।
- ৫। মহাপরিচালক, বঙ্গবন্ধু দারিদ্র্য বিমোচন ও পল্লী উন্নয়ন একাডেমি (বাপার্ড), কোটালীপাড়া, গোপালগঞ্জ।
{দৃষ্টি আকর্ষণ জনাব ড. মোঃ আলমগীর হোসেন, পরিচালক(প্রশিক্ষণ)}
- ৬। পরিচালক (সরেজমিন) মহোদয়ের একান্ত সহকারী, বিআরডিবি, ঢাকা।
- ৭। সহকারী পল্লী উন্নয়ন কর্মকর্তা (ইরেসপো)..... উপজেলা,.....জেলা।
- ৭। অফিস নথি/সংশ্লিষ্ট নথি।

মোহাম্মদ আশরাফুল হক আকন্দ
সহকারী পরিচালক (প্রশিক্ষণ ও বিপণন)
ইরেসপো, বিআরডিবি, ঢাকা
ফোন নং -০২-৮১৮৯০৩১



দরিদ্র মহিলাদের জন্য সমন্বিত পল্লী কর্মসংস্থান সহায়তা(২য় সংশোধিত) প্রকল্প
বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ড (বিআরডিবি)
স্থানীয় সরকার পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়
পল্লী ভবন(৬ষ্ঠ তলা) ৫ কাওরান বাজার, ঢাকা-১২১৫।
www.iresppw-brdb.gov.bd/Fax- 8189029

সেলাই ও এমব্রয়ডারী প্রশিক্ষণে অংশগ্রহনকারী সুফলভোগীদের তালিকাঃ
সময় : ৩১/০১/২০১৮ খ্রিঃ হতে ৩০দিন ব্যাপী।

ক্রঃ নং	জেলা	উপজেলা	উপকারভোগীর সংখ্যা
০১	পটুয়াখালী	দুমকি	৬
০২		কলাপাড়া	৬
০৩	বাগেরহাট	বাগেরহাট সদর	৬
০৪	বারিশাল	বাবুগঞ্জ	৪
০৫		গৌরনদী	৬
০৬	ঝালকাঠি	ঝালকাঠি সদর	৬
০৭	খুলনা	বটিয়াঘাটা	৬
মোট			৪০ জন

অপেক্ষমান তালিকাঃ

ক্রঃ নং	জেলা	উপজেলা	উপকারভোগীর সংখ্যা
০১	সাতক্ষীরা	সাতক্ষীরা সদর	৬
০২	পটুয়াখালী	মির্জাগঞ্জ	৬
০৩	বারিশাল	বাবুগঞ্জ	২
মোট			১৪জন

